**UAP-PRD Press Clippings**

**November 20, 2016**

প্রথম আলো

এসিএম-আইসিপিসির ঢাকা পর্ব

# শীর্ষ দুটি স্থানই বুয়েটের

এস এম নজিবুল্লাহ চৌধুরী | আপডেট: ০০:০৭, নভেম্বর ২০, ২০১৬ | প্রিন্ট সংস্করণ




বিশ্বের সবচেয়ে মর্যাদাপূর্ণ কম্পিউটার প্রোগ্রামিং আয়োজন এসিএম আন্তর্জাতিক কলেজিয়েট প্রোগ্রামিং প্রতিযোগিতা (আইসিপিসি) ২০১৬-এর ঢাকা পর্বে চ্যাম্পিয়ন হয়েছে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) দল 'বুয়েট রায়ো'। ১১টি সমস্যার মধ্যে ১০টির সমাধান দিয়েছে তারা। এ দলের তিন সদস্য হলেন এম এম হারুন-উর-রশিদ, তন্ময় মল্লিক ও নাজমুর রশীদ। চ্যাম্পিয়ন হিসেবে বুয়েট রায়োর নাম ঘোষণার পরপরই হারুন-উর-রশিদ *আলো* কে বলেন, 'চ্যাম্পিয়ন হওয়ার অনুভূতি অসাধারণ! এখন চূড়ান্ত পর্বের জন্য প্রস্তুতি নিতে চাই।'

রাজধানীর ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকে (ইউএপি) শুক্র ও শনিবার অনুষ্ঠিত হয় এই প্রতিযোগিতা। এবার অংশ নিয়েছে ১২৫টি দল। প্রতি দলে ছিলেন তিনজন করে প্রোগ্রামার এবং একজন করে কোচ। বুয়েটের আরেক দল 'বুয়েট ওমনিট্রিক্স' প্রথম রানারআপ এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের দল 'ডিইউ সেন্সর্ড' দ্বিতীয় রানারআপ হয়েছে। দুটি দলই নয়টি করে সমস্যার সমাধান দিতে পেরেছে। আগামী বছরের মে মাসে যুক্তরাষ্ট্রে অনুষ্ঠেয় আইসিপিসির চূড়ান্ত পর্বে (ওয়ার্ল্ড ফাইনালস) অংশ নেওয়ার কথা রয়েছে শীর্ষ তিন দলের।

গতকাল শনিবার ইউএপি প্রাঙ্গণে অনুষ্ঠিত সমাপনী অনুষ্ঠানে ফলাফল ঘোষণা ও পুরস্কার বিতরণ করা হয়। এতে প্রধান অতিথি ছিলেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। প্রতিযোগীদের তিনি নিজের জীবনের গল্প শোনান। অনুষ্ঠানের সভাপতি ইউএপির উপাচার্য জামিলুর রেজা চৌধুরী বলেন, এ প্রতিযোগিতা বাংলাদেশের সফটওয়্যার শিল্পের উন্নতিতে সাহায্য করবে।

এসিএম-আইসিপিসির পক্ষ থেকে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এশিয়া অঞ্চলের পরিচালক সি জে হুয়াং। তিনি বলেন, 'এসিএম-আইসিপিসির ওয়ার্ল্ড ফাইনালসের (চূড়ান্ত পর্ব) স্থান হিসেবে ভবিষ্যতে আমরা বাংলাদেশের কথা বিবেচনা করব।' তথ্য ও যোগাযোগপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহ্মেদ বলেন, আইসিপিসির চূড়ান্ত পর্ব আয়োজনে যেকোনো ধরনের সহযোগিতা করবে বাংলাদেশ সরকার। ইউএপির বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান কাইয়ুম রেজা চৌধুরী ও সহ-উপাচার্য এম আর কবির অনুষ্ঠানে বক্তৃতা করেন।

এসিএম-আইসিপিসি ঢাকা পর্বের আয়োজক ইউএপি। আয়োজনে সহযোগিতা করছে আইসিটি বিভাগ, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, এথিকস অ্যাডভান্সড টেকনোলজিস লিমিটেড. লিড সফট, দোহাটেক, বিকাশ, এসইএল ও সাউথইস্ট ব্যাংক।

http://www.prothom-alo.com/technology/article/1024103/%E0%A6%B6%E0%A7%80%E0%A6%B0%E0%A7%8D%E0%A6%B7-%E0%A6%A6%E0%A7%81%E0%A6%9F%E0%A6%BF-%E0%A6%B8%E0%A7%8D%E0%A6%A5%E0%A6%BE%E0%A6%A8%E0%A6%87-%E0%A6%AC%E0%A7%81%E0%A7%9F%E0%A7%87%E0%A6%9F%E0%A7%87%E0%A6%B0

NEW AGE

Sunday, November 20, 2016

# ACM-ICPC Asia Dhaka regional contest held

Staff Correspondent

A TWO-DAY long ACM-International Collegiate Programming Contest was held at the University of Asia Pacific's permanent campus, on Saturday.

The first three champions are, BUET Rayo, BUET Omnitrix and DU Censored. They were awarded with trophies and money, said a press release.

CUET_GirlsarePearl was named as the top girls' team and was awarded with a crest and a cheque bond.

Finance minister Abul Maal Abdul Muhith addressed the prize distribution ceremony, as chief guest.

Among others, state minister Zunaid Ahmed Palak and UAP trustee chairman, Qayum Reza Chowdhury, spoke at the programme.

There were two rounds of contests, namely online preliminary contest and onsite contest, the release said.

A total of 1,665 teams were registered for the online preliminary competition.

Among them, 1,566 teams from across 81 institutes had participated on October 15, 2016, contest.

Last year, 985 teams from 75 institutions had taken part in the contest. Participation of more teams reflects the growing interest in the event among the young programmers of Bangladesh, the release added.




Distinguished guests hand over a replica of prize money to the winners of a programming contest organised by University of Asia Pacific on its campus on Saturday. — New Age photo

http://epaper.newagebd.net/20-11-2016/3

অসংকোচ প্রকাশের দুরন্ত সাহস
সমকাল

# প্রোগ্রামিংয়ে তারুণ্যের লড়াই




মর্যাদাপূর্ণ প্রোগ্রামিং আয়োজন এসিএম-আইসিপিসির ঢাকা অঞ্চলের

প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হয়েছে বুয়েট। প্রতিযোগিতায় বিজয়ী দুটি দল অংশ নেবে যুক্তরাষ্ট্রে অনুষ্ঠিত চূড়ান্ত আয়োজনে। ঢাকা অঞ্চলের বিজয়ীদের নিয়ে লিখেছেন

তৌহিদুল ইসলাম তুষার

বিশ্বের সবচেয়ে মর্যাদাপূর্ণ প্রোগ্রামিং প্রতিযোগিতা আন্তর্জাতিক কলেজিয়েট প্রোগ্রামিং বা এসিএম-আইসিপিসিতে ঢাকা অঞ্চলের চ্যাম্পিয়ন হয়েছে বুয়েটের 'বুয়েট রায়ো' দল। ১১টি সমস্যার মধ্যে ১০টি সমাধান করে দলটি চ্যাম্পিয়ন হয়েছে। এর পরেই অবস্থান করছে বুয়েটের আরও একটি দল অমনিট্রিক্স। দ্বিতীয় স্থান দখল করতে তারা সমাধান করেছে ৯টি সমস্যা। তৃতীয় অবস্থানে রয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের দল 'ডিইউ সেন্সর্ড'। তারাও আটটি সমস্যা সমাধান করেছে। এভাবে মোট দশটি দলকে পুরস্কৃত করা হয়, যাদের মধ্যে রয়েছে বুয়েটের চারটি, ঢাকা বিশ্ববিদ্যালয়ের দুটি, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের একটি, কুয়েটের দুটি এবং নর্থসাউথ বিশ্ববিদ্যালয়ের একটি দল।

একই সঙ্গে ছিল বিভাগীয় পর্যায়ে জয়ী আটটি গ্রুপ, যার মধ্যে রয়েছে ঢাকা পর্বের বুয়েট, চট্টগ্রামের কুয়েট, রাজশাহীর রুয়েট, খুলনার খুয়েট, সিলেটের শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, বরিশালের বরিশাল বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহের জাতীয় কবি কাজী নজরুল বিশ্ববিদ্যালয় এবং রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়। আরও থাকছে দশ র‍্যাংকিং বিশ্ববিদ্যালয়। প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে এসব ক্যাটাগরিতে মোট চার লাখ টাকা পুরস্কার হিসেবে বিতরণ করা হয়। বাংলাদেশ থেকে নির্বাচিত দুটি দল অংশ নিতে পারে আগামী বছরের ২০ থেকে ২৫ মে যুক্তরাষ্ট্রের সাউথ ডাকোটায় এসিএম-আইসিপিসির বিশ্ব আসরের চূড়ান্ত পর্বে।

গত শনিবার রাজধানীর ফার্মগেটের ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকে আন্তর্জাতিক প্রতিযোগিতাটির ঢাকা পর্ব অনুষ্ঠিত হয়। এবার মোট ১২৫টি দল চূড়ান্ত প্রতিযোগিতায় অংশ নেয়। আর মোট এক হাজার ৬৬৫টি দল প্রতিযোগিতায় অংশ নিতে অনলাইনে নিবন্ধন করে। সেখান থেকে প্রাথমিক বাছাইয়ের পর ১২৫ দল চূড়ান্ত পর্বে অংশ নিতে পারে। প্রথমবারের মতো মেয়েদের ১২৯টি দল প্রতিযোগিতায় অংশ নিতে নিবন্ধন করেছিল। সেখান থেকে চূড়ান্ত পর্বে সুযোগ পেয়েছে চারটি দল। গত শুক্রবার রাজধানীর ফার্মগেটের এশিয়া প্যাসিফিক ইউনিভার্সিটিতে দুই দিনের এ প্রতিযোগিতার শুরু হয়। ঢাকা অঞ্চলের প্রতিযোগিতা আয়োজনে সন্তুষ্টি প্রকাশ করেন এসিএম-আইসিপিসির এশিয়া অঞ্চলের পরিচালক অধ্যাপক সি জে হুয়াং। ঢাকা পর্বের এ আয়োজনের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। এ ছাড়া তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক, বুয়েটের অধ্যাপক মোহাম্মাদ কায়কোবাদ, এসিএম-আইসিপিসির এশিয়া অঞ্চলের পরিচালক সি জে হুয়াং, এশিয়া প্যাসিফিক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য জামিলুর রেজা চৌধুরীসহ আরও অনেকে।

এ ছাড়া স্কুল-কলেজের শিক্ষার্থী এবং মেয়েদের জন্য আলাদা করে বেশ কয়েকটি ক্যাটাগরিতে পুরস্কার দেওয়া হয়। স্কুল কলেজের এবং মেয়েদের প্রোগ্রামিংয়ে আগ্রহী করতে এ ধরনের ক্যাটাগরি করা হয়। এ ছাড়া রাখা হয় আঞ্চলিক ক্যাটাগরিও।

বুয়েট রায়ো

প্রতিযোগিতাটির ঢাকা অঞ্চল চ্যাম্পিয়ন বুয়েট রায়ো। চূড়ান্ত পর্বে অংশগ্রহণকারী ১২৫টি দলের মধ্যে বুয়েটেরই রয়েছে ৯টি দল। তাদের মধ্যে সেরা দলে আসতে পেরে বেশ আনন্দিত রায়োর সদস্য এমএম হারুন-উর-রশিদ। বুয়েটের ট্রিপলির এ শিক্ষার্থীর সঙ্গে রয়েছেন সিএসইর তন্ময় মল্লিক এবং নাজমুর রশীদ নূর। নিজেদের মধ্যে ভালো সমন্বয় সাফল্যের অন্যতম কারণ বলে জানান তারা। বিশ্ববিদ্যালয়েও নিজেরা একসঙ্গে অনুশীলন করেছেন, ঝালিয়ে নিয়েছেন প্রতিযোগিতায় যোগ্য করে নিতে। হারুন-উর-রশিদ বলেন, যদিও এটা প্রোগ্রামিং প্রতিযোগিতা, তাই এ বিষয়ে দক্ষদেরই সুযোগ বেশি থাকে। তবে কম্পিউটার ল্যাঙ্গুয়েজ জানতে তাকে প্রকৌশলী হতে হবে এমন কোনো কথা নেই। তার প্রমাণও মিলেছে এ প্রতিযোগিতায়। আইওআই গ্রুপে যারা ছিল, সবাই স্কুল-কলেজের শিক্ষার্থী। এখানে তারা আমাদের সঙ্গে একই ধরনের কম্পিটিশন করেছে। এর জন্য প্রয়োজন কোনো কিছু শেখার মানসিকতা। যুক্তরাষ্ট্রে অংশগ্রহণ সম্পর্কে জানতে চাইলে তিনি বলেন, এটা আমার জন্য অনেক বড় অর্জন।

অমনিট্রিক্স

দ্বিতীয় অবস্থানে থাকা এ দলটিও বুয়েটের। এই স্থানটি দখল করতে তারা সমাধান করেছে ৯টি সমস্যা। দ্বিতীয় অবস্থানে থাকা সত্ত্বেও নিজেদের পারফরম্যান্স বিশ্বের মঞ্চে প্রদর্শন করতে পারবে না কাজী হাসান জুবায়েরের দলটি। কারণ এক বিশ্ববিদ্যালয় থেকে একটি দলই অংশগ্রহণ করতে পারবে। তবে দ্বিতীয় অবস্থান নিশ্চিত করতে আরও দু'জনের ভূমিকা অনস্বীকার্য। তারা হলেন_ রিয়াজুল ইসলাম এবং রিকন কুমার রায়। জুবায়ের মনে করেন, এ ধরনের প্রতিযোগিতায় যে কেউ অংশ নিতে পারবেন। এ ক্ষেত্রে গুরুত্বপূর্ণ দিক হলো লজিক ডেভেলপমেন্ট। ইচ্ছা শক্তিকে কাজে লাগিয়েও নিজে নিজেই প্রোগ্রামিং শিখতে পারেন যে কেউ।

ডিইউ সেন্সর্ড

চূড়ান্ত পর্বে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছয়টি দল অংশগ্রহণ করলেও নিজেদের সেরা তিনে আনতে সক্ষম হয় ডিইউ সেন্সর্ড। তারা আটটি সমস্যার সমাধান করেছে। তবে যুক্তরাষ্ট্রে যাওয়ার সম্ভাব্য দুটি দলের মধ্যে রয়েছে তারা। দলটির সদস্যদের মধ্যে রয়েছে সাবিত জাহিন, শাহেদ শাহরিয়ার ও রেজওয়ান মাহমুদ তন্ময়। তিনজনই কম্পিউটার বিজ্ঞান বিভাগের শিক্ষার্থী। তবে প্রোগ্রামিং প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য তাদের সিএসইর শিক্ষার্থী হতে হবে এমনটা মনে করেন না তন্ময়। তিনি বলেন, এ ধরনের প্রতিযোগিতায় যে কোনো বিভাগের শিক্ষার্থীরা অংশগ্রহণ করতে পারে। কোডিং সিস্টেম সম্পর্কে সিএসইর শিক্ষার্থীদের ধারণা থাকায় তাদের অংশগ্রহণ বেশি দেখা যায়। তবে নিজের জ্ঞান কাজে লাগিয়ে যে কেউ অংশগ্রহণ করতে পারে।

http://bangla.samakal.net/2016/11/22/250956

**DhakaTribune** beta

# ACM-ICPC programming contest to promote IT sector

- SM Najmus Sakib
- Published at 12:40 AM November 20, 2016



## ‘A special computer lab will be set up on the UAP city campus as part of the government initiative’

The participants of ACM International Collegiate Programming Contest in Dhaka would be able to contribute much to the development of IT sector in the country, Finance Minister AMA Muhith said yesterday.
He said those who took part in the competition have shown their skill of solving critical problems in programming.
The finance minister was addressing the prize-giving ceremony held on the concluding day of a two-day regional programming competition held at the University of Asia Pacific in the capital.
Computer Science and Engineering Department of UAP hosted the two-day-long International Collegiate Programming Contest dubbed as Dhaka Regional Contest 2016 on November 18-19 in association with the help of ICT Division and Bangladesh Computer Council.
A pool of distinguished guests attended the programme and expressed their satisfaction over the way the programme was held.
In their addresses, the discussants said through the ACM-ICPC event the country’s IT sector and IT business firms would reap the benefits.
Besides enhancement of business opportunities, unemployment would also be kept at bay, they added.   In his address, Prof CJ Hwang, director of ACM-ICPC Asia regional contest, said: “The next year’s ACM-ICPC event could be held in Bangladesh if necessary supports are provided.”
Zunaid Ahmed Palak, state minister for ICT Division, spoke at the programme as a special guest. He said: “A special computer lab will be set up on the UAP city campus as part of the government initiative.”
The government has already established 3,000 computer laboratories and so far employed 2,000 experts in the IT sector, added Palak.
On the concluding day yesterday, the finalists took part in a five-hour-long programming contest.
UAP Vice-Chancellor Prof Jamilur Reza Choudhury called for government support to flourish the IT sector.
In his speech, Prof Jamilur lauded the performance of programme contestants.
BUET’s Rayo and Omnitrix and DU_Censored came out as three winning teams that won trophy and cash while CUET’s Girlsare Pearl had the 1st position among the girl’s teams.
Prof M Kaykobad, dean, faculty of EEE, BUET, announced the winners’ name at the competition.
A total of 1,665 teams registered online for preliminary contest in which there were **129 girls’ teams** from 81 institutes.
Of them, a total of 125 teams had been selected for the key contest.
The World ACM-ICPC Final 2017 will be held in Rapid City, South Dakota, USA, on May 20-25.

Top 3-4 teams from ACM-ICPC Asia Dhaka Regional Contest 2016 will get chance to attend the event

http://www.dhakatribune.com/business/2016/11/20/acm-icpc-programming-contest-promote-sector/

dailyobserver

We stand for people's rights

# BUET rocks ACM-ICPC Asia Dhaka Regional Contest

The two-day long ACM-International Collegiate Programming Contest (ACM-ICPC) was concluded at University of Asia Pacific (UAP) here today.

Department of Computer Science and Engineering (CSE), UAP organised the Regional Final ICPC entitled "2016 ACM-ICPC Asia Dhaka Regional Contest".

The first three champions-BUET Rayo, BUET Omnitrix, DU_Censored-won positions and awarded trophy and money while CUET GirlsarePearl has been awarded as the Top Girls Team. Finance Minister Abul Maal Abdul Muhith addressed the closing session as the chief guest and distributed prizes among the winners.

State Minister for ICT Division Zunaid Ahmed Palak, MP, and UAP's Board of Trustees Chairman Qayum Reza Chowdhury, addressed as special guests. —BSS

**http://www.eobserverbd.com/2016/11/20/index.php**

# ACM-ICPC Asia Dhaka Regional Contest-2016 held




DHAKA, Nov 19, 2016 (BSS) - The two-day long ACM-International Collegiate Programming Contest (ACM-ICPC) was concluded at University of Asia Pacific (UAP) here today.

Department of Computer Science and Engineering (CSE), UAP organised the Regional Final ICPC entitled "2016 ACM-ICPC Asia Dhaka Regional Contest".

The first three champions--BUET Rayo, BUET Omnitrix, DU_Censored-- won positions and awarded trophy and money while CUET GirlsarePearl has been awarded as the Top Girls Team.

Finance Minister Abul Maal Abdul Muhith addressed the closing session as the chief guest and distributed prizes among the winners.

State Minister for ICT Division Zunaid Ahmed Palak, MP, and UAP's Board of Trustees Chairman Qayum Reza Chowdhury, addressed as special guests.

The 2017 World Finals will be held in Rapid City, South Dakota on May 20-25, 2017, hosted by Excellence in Computer Programming, Inc. The highest ranked 3 to 4 teams from ACM-ICPC Asia Dhaka Regional Contest 2016 are likely to get chance to attend the World Finals.

Professor Abdul Mannan, Chairman, University Grants Commission inaugurated the contest as the chief guest


**http://bssnews.net/newsDetails.php?cat=10&id=621663&date=2016-11-19**

ঢাকা টাইমস
www.dhakatimes24.com

# প্রোগ্রামিংয়ে সেরা বুয়েট

নিজস্ব প্রতিবেদক, ঢাকাটাইমস
| প্রকাশিত : ১৯ নভেম্বর ২০১৬, ২৩:১৪

2 1 Google +1 0 0




রাজধানীর ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকে (ইউএপি) অনুষ্ঠিত এসিএম-আন্তর্জাতিক কলেজিয়েট প্রোগ্রামিং প্রতিযোগিতায় প্রথম ও দ্বিতীয় স্থান অধিকার করেছে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)।

প্রথম ও দ্বিতীয় স্থান দখল করেছে যথাক্রমে বুয়েট রায়ো ও বুয়েট ওমনিটিকর। তৃতীয় হয়েছে ঢাকা সেনসরড। মেয়েদের মধ্যে প্রথম স্থান অধিকার করেছে চুয়েট গার্লস এরিয়া পারল।

শনিবার রাজধানীর গ্রিন রোডের ইউএপির নিজস্ব ক্যাম্পাস ভবনে দুই দিনব্যাপী প্রতিযোগিতার শেষ দিনে বিজয়ীদের হাতে পুরস্কার দেন অনুষ্ঠানের প্রধান অতিথি অর্থমন্ত্রী আবুল মাল আব্দুল মুহিত। পুরস্কার হিসেবে তিনি বিজয়ী দলগুলোকে ট্রফি ও নগদ অর্থ তুলে দেন।

এ সময় উপস্থিত ছিলেন তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক, ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান কাইয়ুম রেজা চৌধুরী।

এসিএম-আইসিপিসি প্রতিযোগিতা দুটি ধাপে অনুষ্ঠিত হয়। প্রাক-নির্বাচনী অনলাইন প্রতিযোগিতা এবং মূল প্রতিযোগিতা। প্রতিযোগিতার প্রধান আয়োজক ছিল ইউএপির কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগ (সিএসই)। সহযোগিতা করেছে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এবং সরকারের তথ্য ও যোগাযোগপ্রযুক্তি বিভাগ।




মূল প্রতিযোগিতায় অংশগ্রহণকারীরা একটি নির্দিষ্ট প্রাঙ্গণে সমাবেত হয়ে প্রতিযোগিতায় অংশ নেন। এ বছর প্রাক-নির্বাচনী প্রতিযোগিতায় এবং মূল প্রতিযোগিতায় মোট ১,৬৬৫টি দল নিবন্ধন করে। যার মধ্যে ৮১টি প্রতিষ্ঠান থেকেই নিবন্ধন করে এক হাজার ৫৬৬টি দল।

এছাড়া আইসিপিসির ইতিহাসে এবারই প্রথমবারের মত ১২৯টি মেয়েদের দল অংশগ্রহণ করেছে। আজ মূল প্রতিযোগিতায় ১২৫টি দল অংশ নেয়।


আগামী ২০-২৫ মে যুক্তরাষ্ট্রের সাউথ ডাকোটাতে এসিএম-আইসিপি ওয়ার্ল্ড ফাইনাল-২০১৭ অনুষ্ঠিত হবে। এসিএম-আইসিপিসি ঢাকা রিজিওনাল-এর প্রথম তিন থেকে চারটি দল সেখানে অংশগ্রহণ করবে বলে আয়োজকরা আশা করছেন।

উল্লেখ্য, ২০১৫ সালে ৭৫টি প্রতিষ্ঠানের ৯৮৫টি দল এই প্রতিযোগিতায় অংশ নিয়েছিল।

http://www.dhakatimes24.com/2016/11/19/8332/%E0%A6%AA%E0%A7%8D%E0%A6%B0%E0%A7%8B%E0%A6%97%E0%A7%8D%E0%A6%B0%E0%A6%BE%E0%A6%AE%E0%A6%BF%E0%A6%82%E0%A7%9F%E0%A7%87-%E0%A6%B8%E0%A7%87%E0%A6%B0%E0%A6%BE-%E0%A6%AC%E0%A7%81%E0%A7%9F%E0%A7%87%E0%A6%9F#sthash.Fo39lTiA.dpuf

campuslive24.com
ক্যাম্পাসলাইভ তারুণ্যের লাইফ

# ইউএপিতে এশিয়া আঞ্চলিক প্রতিযোগিতা




**ইউএপি লাইভ:** রাজধানীর ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকে (ইউএপি) শুরু হয়েছে এসিএম-আন্তর্জাতিক কলেজিয়েট প্রোগামিং প্রতিযোগিতা। দুই দিনব্যাপি এই প্রতিযোগিতা রাজধানীর গ্রিন রোডে ইউএপির নিজস্ব ক্যাম্পাস ভবনে গতকাল শুক্রবার শুরু হয়ে আজ শনিবার শেষ হয়।

প্রথম তিনটি বিজয়ী দল হলো বুয়েট রায়ো, বুয়েট ওমনিটিক্স এবং ঢাকা সেনসরড । বিজয়ীদেরকে ট্রফি ও নগত অর্থ দেওয়া হয়। মেয়ে দলগুলোর মধ্যে টপ দল হলো চুয়েট গার্লস এরিয়া পারল। এদেরকে ক্রেস্ট ও চেক বন্ড পুরস্কার হিসেবে দেওয়া হয়।

পুরস্কার বিতরনী ও সমাপনী অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আব্দুল মুহিত। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তথ্য-প্রযুক্তি প্রতিমন্ত্রী জনাব জুনাইদ আহমেদ পলক এমপি,  এশিয়া প্যাসিফিক বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাষ্টি চেয়ারম্যান কাইয়ুম রেজা চৌধুরী।

উক্ত প্রতিযোগীতায় বিজয়ীদের মধ্যে বিভিন্ন ক্যাটাগরিতে চার লক্ষ টাকা পুরস্কার হিসাবে বিতরণ করা হয়। এবারের প্রতিযোগিতায় মোট ১,৬৬৫ টি দল নিবন্ধন করে যার মধ্যে ৮১ টি প্রতিষ্ঠানের ১,৫৬৬ টি দল অংশগ্রহণ করে।

শুক্রবার বিকেলে প্রধান অতিথি হিসেবে প্রতিযোগিতার উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান। প্রতিযোগিতার প্রধান আয়োজক ইউএপির কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগ (সিএসই)। সহযোগিতায় রয়েছে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল ও সরকারের তথ্য ও যোগাযোগপ্রযুক্তি বিভাগ।

http://bangla.campuslive24.com/dhaka-campus/1141/-%E0%A6%87%E0%A6%89%E0%A6%8F%E0%A6%AA%E0%A6%BF%E0%A6%A4%E0%A7%87-%E0%A6%8F%E0%A6%B6%E0%A6%BF%E0%A7%9F%E0%A6%BE-%E0%A6%86%E0%A6%9E%E0%A7%8D%E0%A6%9A%E0%A6%B2%E0%A6%BF%E0%A6%95-%E0%A6%AA%E0%A7%8D%E0%A6%B0%E0%A6%A4%E0%A6%BF%E0%A6%AF%E0%A7%8B%E0%A6%97%E0%A6%BF%E0%A6%A4%E0%A6%BE

## techshohor.com

# এসিএম-আইসিপিসিতে ঢাকার চ্যাম্পিয়ন ‘বুয়েট রেও’

প্রকাশঃ ৮:১৬ অপরাহ্ন, ১৫ ঘন্টা আগে - সর্বশেষ সম্পাদনাঃ ৮:১৬ অপরাহ্ন, নভেম্বর ১৯, ২০১৬

**টেক শহর কনটেন্ট কাউন্সিলর :** বিশ্বের সবচেয়ে মর্যাদাপূর্ণ প্রোগ্রামিং প্রতিযোগিতা আন্তর্জাতিক কলেজিয়েট প্রোগ্রামিং বা এসিএম-আইসিপিসিতে ঢাকা অঞ্চলের চ্যাম্পিয়ন হয়েছে বুয়েটের একটি দল ‘বুয়েট রেও’। ১০টি সমস্যার মধ্যে সবগুলোর সমাধান করে দলটি চ্যাম্পিয়ন হয়েছে।

এছাড়াও ৯টি সমস্যা সমাধান করে দ্বিতীয় স্থানে রয়েছে বুয়েটের আরেকটি দল বুয়েট অমনিট্রিক্স, তৃতীয় অবস্থানে রয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের দল ডিইউ_সেক্সরড। তারা করেছে আটটি সমস্যার সমাধান।

শনিবার রাজধানীর ফার্মগেটের ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকে আন্তর্জাতিক প্রতিযোগিতাটির ঢাকা পর্ব অনুষ্ঠিত হয়।




এবার মোট ১২৫টি দল চূড়ান্ত প্রতিযোগিতায় অংশ নেয়। আর মোট এক হাজার ৬৬৫টি দল প্রতিযোগিতায় অংশ নিতে অনলাইনে নিবন্ধন করে। সেখান থেকে প্রাথমিক বাছাইয়ের পর ১২৫ দল চূড়ান্ত পর্বে অংশ নিতে পারে।

আর প্রথমবারের মতো মেয়েদের ১২৯টি দল প্রতিযোগিতায় অংশ নিতে নিবন্ধন করেছিল। সেখান থেকে চূড়ান্ত পর্বে সুযোগ পেয়েছে চারটি দল।

এই ঠিকানায় ঢাকা পর্বের চূড়ান্তদের তালিকা পাওয়া যাবে।

শুক্রবার রাজধানীর ফার্মগেটের এশিয়া প্যাসিফিক ইউনিভার্সিটিতে দুই দিনের এই প্রতিযোগিতার শুরু হয়। যার আয়োজন করে বিশ্ববিদ্যালয়টির কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগ।

ঢাকা অঞ্চলের প্রতিযোগিতা আয়োজনে সন্তুষ্টি প্রকাশ করেন এসিএম-আইসিপিসির এশিয়া অঞ্চলের পরিচালক অধ্যাপক সি জে হুয়াং। বাংলাদেশে ভবিষ্যতে প্রতিযোগিতাটির চূড়ান্ত পর্ব আয়োজনে সামনের বছরেই প্রতিনিধি দল আসবে। এবং আয়োজন করা যায় কিনা তার সম্ভাব্যতা দেখবেন বলেও জানান তিনি।

http://techshohor.com/news/71003

techshohor.com

# পর্দা উঠলো এসিএম-আইসিপিসির ঢাকা পর্বের

প্রকাশঃ ৫:২৮ অপরাহ্ন, ২ দিন আগে - সর্বশেষ সম্পাদনাঃ ৫:২৮ অপরাহ্ন, নভেম্বর ১৮, ২০১৬

**টেক শহর কনটেন্ট কাউন্সিলর :** পর্দা উঠলো বিশ্বের সবচেয়ে বড় ও মর্যাদাপূর্ণ প্রোগ্রামিং প্রতিযোগিতা আন্তর্জাতিক কলিজিয়েট প্রোগ্রামিং বা এসিএম-আইসিপিসির ঢাকার।

শুক্রবার রাজধানীর ফার্মগেটের এশিয়া প্যাসিফিক ইউনিভার্সিটিতে দুই দিনের এই প্রতিযোগিতার শুরু হয়েছে। যার আয়োজন করেছে বিশ্ববিদ্যালয়টির কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগ।

সকালে এসিএম-আইসিপিসি প্রতিয়োগিতার ঢাকা অঞ্চলের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান আব্দুল মান্নান। এসময় বিশ্ববিদ্যালয়টির উপাচার্য অধ্যাপক জামিলুর রেজা চৌধুরী, এসিএম-আইসিপিসির এশিয়া অঞ্চলের পরিচালক অধ্যাপক সি জে হুয়াং উপস্থিত ছিলেন।

শুক্রবার বিভিন্ন স্কুল কলেজের শিক্ষার্থীরা প্রোগ্রামিংয়ে অংশ নেন। তবে ঢাকা পর্বের চূড়ান্ত প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে শনিবার। এদিনই টানা পাঁচ ঘন্টা বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের প্রতিযোগীরা বিশ্ব আসরে অংশ নিতে লড়বে।

বাংলাদেশ থেকে নির্বাচিত তিন থেকে চারটি দল আগামী বছরের ২০ থেকে ২৫ মে যুক্তরাষ্ট্রের সাউথ ডাকোটায় এসিএম-আইসিপিসির বিশ্ব আসরের চূড়ান্ত পর্বে অংশ নেবে।

এবার প্রতিযোগিতায় অংশ নিতে অনলাইনে নিবন্ধন করেছে এক হাজার ৬৬৫টি দল। যেখানে ৮১টি শিক্ষা প্রতিষ্ঠানের এক হাজার ৫৬৬টি দল অংশগ্রহণ করে। এবারই প্রথমবারের মতো ১২৯টি মেয়েদের দল অংশগ্রহণ করেছে।

তবে শনিবারের ঢাকা পর্বের চূড়ান্ত প্রতিযোগিতায় ১২৫টি দল অংশ নেবে।

ঢাকা অঞ্চলের সমাপনীতে বিভিন্ন ক্যাটাগরিতে বিজয়ীদের মধ্যে সর্বমোট চার লাখ টাকা পুরস্কার দেওয়া হবে। যেখানে মেয়েদের জন্য আলাদা করে বেশ কয়েকটি ক্যাটাগরি থাকবে বলে সংবাদ সম্মেলনে জানানো হয়।

১৯৯৮ সাল থেকে এসিএম-আইসিপিসির মূল পর্বে বাংলাদেশ নিয়মিত অংশ নিয়ে আসছে। গত বছরের প্রতিযোগিতায়ও বাংলাদেশ থেকে তিনটি বিশ্ববিদ্যালয় চূড়ান্ত পর্বে অংশ নেয় এবং দক্ষিণ এশিয়ার মধ্যে অনেক ভালো ফল করে।

সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার কথা রয়েছে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের। এছাড়াও তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক উপস্থিত থাকবেন।

| # | Name | | | A | B | C | D | E | F | G | H | I | J | K |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | 124/125 | 4/8 | 50/84 | 110/120 | 48/67 | 55/95 | 9/23 | 2/4 | 1/1 | 17/29 | 0/3 |
| 1 | BUET Rayo | BUET | 10 1291 | ✓ 1 (6) | ✓ 1 (115) | ✓ 1 (65) | ✓ 3 (88) | ✓ 2 (146) | ✓ 1 (68) | ✓ 1 (162) | ✓ 1 (258) | ✓ 1 (227) | ✓ 2 (76) | |
| 2 | BUET Omnitrix | BUET | 9 1424 | ✓ 1 (6) | ✓ 1 (96) | ✓ 4 (112) | ✓ 3 (73) | ✓ 1 (209) | ✓ 3 (122) | ✓ 1 (184) | ✓ 1 (243) | | ✓ 2 (219) | |
| 3 | DU_Censored | DU | 8 1277 | ✓ 1 (2) | ✓ 8 (287) | ✓ 2 (57) | ✓ 1 (79) | ✓ 1 (89) | ✓ 5 (140) | ✓ 1 (158) | | | ✓ 2 (205) | 1 |
| 4 | BUET FIX_IT_FELIX | BUET | 8 1525 | ✓ 1 (8) | ✓ 3 (278) | ✓ 1 (147) | ✓ 2 (153) | ✓ 1 (190) | ✓ 3 (104) | ✓ 4 (273) | | | ✓ 4 (152) | |
| 5 | Buet_BloodHound | BUET | 7 934 | ✓ 1 (5) | | ✓ 2 (99) | ✓ 1 (34) | ✓ 1 (138) | ✓ 1 (89) | ✓ 1 (284) | | | ✓ 2 (245) | |
| 6 | JU_Circavex | JU | 7 950 | ✓ 2 (8) | 2 | ✓ 3 (82) | ✓ 2 (51) | ✓ 1 (107) | ✓ 1 (24) | ✓ 1 (284) | | | ✓ 5 (234) | |
| 7 | CUET_In_stack | CUET | 7 1086 | ✓ 1 (9) | | ✓ 3 (230) | ✓ 1 (99) | ✓ 1 (157) | ✓ 1 (132) | ✓ 2 (284) | | | ✓ 2 (95) | |
| 8 | IOI - Travelling Salesmen | IOI | 7 1312 | ✓ 1 (3) | 1 | ✓ 1 (114) | ✓ 5 (132) | ✓ 1 (176) | ✓ 5 (220) | ✓ 3 (262) | 1 | | ✓ 2 (185) | 1 |
| 9 | NSU Aristocrats | NSU | 6 538 | ✓ 2 (9) | 7 | ✓ 2 (81) | ✓ 2 (118) | ✓ 2 (89) | ✓ 1 (25) | | | | ✓ 1 (136) | |

দুই দিনের প্রতিযোগিতার মূল পর্ব শনিবার হলেও শুক্রবার বিভিন্ন স্কুল কলেজের শিক্ষার্থীরা প্রোগ্রামিংয়ে অংশ নেন।

বাংলাদেশ থেকে নির্বাচিত তিন থেকে চারটি দল আগামী বছরের ২০ থেকে ২৫ মে যুক্তরাষ্ট্রের সাউথ ডাকোটায় এসিএম-আইসিপিসির বিশ্ব আসরের চূড়ান্ত পর্বে অংশ নেবে।

ঢাকা অঞ্চলের সমাপনীতে বিভিন্ন ক্যাটাগরিতে বিজয়ীদের মধ্যে সর্বমোট চার লাখ টাকা পুরস্কার দেওয়া হয়। এছাড়াও মেয়েদের জন্য আলাদা করে বেশ কয়েকটি ক্যাটাগরিতে পুরস্কার দেওয়া হয়।

১৯৯৮ সাল থেকে এসিএম-আইসিপিসির মূল পর্বে বাংলাদেশ নিয়মিত অংশ নিয়ে আসছে। গত বছরের প্রতিযোগিতায়ও বাংলাদেশ থেকে তিনটি বিশ্ববিদ্যালয় চূড়ান্ত পর্বে অংশ নেয় এবং দক্ষিণ এশিয়ার মধ্যে অনেক ভালো ফল করে।

সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। এছাড়াও তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক, বুয়েটের অধ্যাপক মোহাম্মাদ কায়কোবাদ, জে সি হুয়াং, এশিয়া প্যাসিফিক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য জামিলুর রেজা চৌধুরীসহ আরও অনেকেই উপস্থিত ছিলেন।

# ACM-ICPC Asia Dhaka Regional Contest

CampusLive24.com || published on: Saturday, November 19 2016, 21:26




Live Correspondent: The two-day long ACM-International Collegiate Programming Contest (ACM-ICPC) was concluded at University of Asia Pacific (UAP) here today. Department of Computer Science and Engineering (CSE), UAP organised the Regional Final ICPC entitled “2016 ACM-ICPC Asia Dhaka Regional Contest”.

State Minister for ICT Division Zunaid Ahmed Palak, MP, and UAP’s Board of Trustees Chairman Qayum Reza Chowdhury, addressed as special guests.

The 2017 World Finals will be held in Rapid City, South Dakota on May 20-25, 2017, hosted by Excellence in Computer Programming, Inc. The highest ranked 3 to 4 teams from ACM-ICPC Asia Dhaka Regional Contest 2016 are likely to get chance to attend the World Finals.

Professor Abdul Mannan, Chairman, University Grants Commission inaugurated the contest as the chief guest.

http://www.campuslive24.com/campus/private-university/2016/11/19/acm-icpc-asia-dhaka-regional-contest#sthash.QBI7qVUJ.dpuf

## ACM-ICPC Asia Regional Contest to begin at UAP Nov 18

Online Desk | November 17, 2016 11:33:25 AM




ACM-ICPC to begin at UAP

University of Asia Pacific (UAP) is going to arrange ACM ICPC Asia Dhaka Regional Contest 2016, (an annual multi-tiered competitive programming competition among the universities of the world) on its campus on November 18-19, 2016.

Department of Computer Science and Engineering (CSE), UAP, is organizing the contest under the leadership of UAP's Vice-Chancellor Professor Jamilur Reza Chowdhury, said a press release on November 15, 2016.

A total of 1,665 teams have registered for the online preliminary contest where 1,566 teams from 81 institutes have participated on October 15, 2016. Of them, a total of 125 teams will be selected for the main contest.

UGC Chairman Professor Abdul Mannan will address the inaugural ceremony as the chief guest while ICT Division Secretary Shyam Sunder Sikder, and UAP Board of Trustees Chairman Qayum Reza Chowdhury will be present as special guests.

*Log In*

*Account Benefit*On the closing ceremony, Finance Minister Abul Maal Abdul Muhith will address as the chief guest, the release added. Professor Dr. CJ Hwang, Director of ACM-ICPC (International Collegiate Programming Contest) Asia Regional Contest, will address the contest as special guest.

The World Finals 2017 will be held in Rapid City, South Dakota on May 20-25 in 2017, hosted by Excellence in Computer Programming, Inc., the release added. The highest ranked 3-4 teams from ACM ICPC Asia Dhaka Regional Contest 2016 will get chance to attend the World Finals.

http://www.eduicon.com/News/Details/8838.html

bbarta24.net
সারাবেলা সব খবর

# এসিএম-আইসিপিসির ঢাকা পর্বের চূড়ান্ত আসর আজ

প্রকাশ : ১৯ নভেম্বর ২০১৬, ০৮:২২




বিবার্তা প্রতিবেদক

প্রিন্ট অঅ-অ+

বিশ্বের সবচেয়ে বড় আন্তর্জাতিক কলেজিয়েট প্রোগ্রামিং প্রতিযোগিতা এসিএম-আইসিপিসির ঢাকা পর্বের চূড়ান্ত আসর অনুষ্ঠিত হবে আজ শনিবার।

রাজধানীর ফার্মগেটের ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক (ইউএপি) ক্যাম্পাসে অনুষ্ঠিত হবে এই আয়োজন। আসরটির আয়োজন করেছে বিশ্ববিদ্যালয়টির কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগ।

চূড়ান্ত প্রতিযোগিতায় অংশ নেবে ১২৫টি দল। বিশ্ব আসরে অংশ নিতে এই প্রতিযোগিতায় টানা পাঁচ ঘণ্টা বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের প্রতিযোগীরা লড়বে।

দুই দিনের এই প্রতিযোগিতাটি শুরু হয়েছে শুক্রবার। প্রতিয়োগিতারটির উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান আব্দুল মান্নান। এসময় বিশ্ববিদ্যালয়টির উপাচার্য অধ্যাপক জামিলুর রেজা চৌধুরী, এসিএম-আইসিপিসির এশিয়া অঞ্চলের পরিচালক অধ্যাপক সি জে হুয়াং উপস্থিত ছিলেন। এছাড়াও বিভিন্ন স্কুল কলেজের শিক্ষার্থীরা এই প্রতিযোগিতায় অংশ নেন।

এবার প্রতিযোগিতায় অংশ নিতে অনলাইনে নিবন্ধন করেছে এক হাজার ৬৬৫টি দল। যেখানে ৮১টি শিক্ষা প্রতিষ্ঠানের এক হাজার ৫৬৬টি দল অংশগ্রহণ করে। এবারই প্রথমবারের মতো ১২৯টি মেয়েদের দল অংশগ্রহণ করেছে।

ঢাকা অঞ্চলের সমাপনীতে বিভিন্ন ক্যাটাগরিতে বিজয়ীদের মধ্যে সর্বমোট চার লাখ টাকা পুরস্কার দেওয়া হবে।

বাংলাদেশ থেকে নির্বাচিত তিন থেকে চারটি দল আগামী বছরের ২০ থেকে ২৫ মে যুক্তরাষ্ট্রের সাউথ ডাকোটায় এসিএম-আইসিপিসির বিশ্ব আসরের চূড়ান্ত পর্বে অংশ নেবে।

আজ সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। এছাড়াও তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক উপস্থিত থাকার কথা রয়েছে।

http://www.bbarta24.net/science-and-technology/6861

দেশের প্রথম অনলাইন বিজনেস নিউজ পোর্টাল
অর্থসূচক
www.arthosuchak.com

# ইউএপিতে এসিএম-আইসিপিসি প্রতিযোগিতা

অর্থসূচক ডেস্ক | ১৯ নভেম্বর, ২০১৬ ৭:৩৭ অপরাহ্ণ

কারিগরি শিক্ষার প্রসারে এসিএম-আন্তর্জাতিক কলেজিয়েট প্রোগামিং (আইসিপিসি) এশিয়া আঞ্চলিক প্রতিযোগিতার আয়োজন করেছে ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক (ইউএপি)।

আজ শনিবার রাজধানীর গ্রিন রোডের প্রতিষ্ঠানটির নিজস্ব কার্যালয়ে দুই দিনব্যাপী আয়োজিত এ কর্মসূচির সমাপনি দিনে অর্থমন্ত্রী আবুল মাল আব্দুল মুহিত প্রধান অতিথি হিসেবে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন।




এসসময় আইসিটি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক, ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক (ইউএপি) ট্রাস্টি বোর্ড চেয়ারম্যান কাইয়ুম রেজা চৌধুরী, ভাইস চ্যান্সেলর জামিলুর রহমান চৌধুরী, এসিএম-আইসিপিসি, এশিয়া আঞ্চলিক পরিচালক অধ্যাপক ড. সি জে হুয়াং উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে অর্থমন্ত্রী শিক্ষা প্রতিষ্ঠানটির ঊর্ধ্বতন কর্মকর্তা ও তার সময়কার নানাদিক নিয়ে স্মৃতিচারণ করে।

উল্লেখ, অর্থমন্ত্রী আবুল মাল আব্দুল মুহিত ১৯৯৬ সালে ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের ভাইস চ্যান্সেলর ছিলেন।

আইসিটি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক বলেন, আধুনিক বিশ্বের সঙ্গে সমান তালে এগিয়ে নিতে সরকার আইসিটি খাততে অগ্রাধিকার দিয়েছে। কারন এ প্রজন্মের মেধাবী শিক্ষার্থীরাই আগামীর ডিজিটাল বাংলাদেশের কারিগর। তাই শিক্ষার্থী তথ্য

প্রযুক্তিতে বেশি মনোযোগী হতে হবে। এসময় ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকে একটি ল্যাব প্রতিষ্ঠার ঘোষণা দেন প্রতিমন্ত্রী।

দুইদিন ব্যাপী অনুষ্ঠিত প্রতিযোগিতায় ৮১টি প্রতিষ্ঠানের ১ হাজার ৫৬৫ জন অংশ নেয়।

২০১৭ সালে ২০-২৫ মে এসিএম-আইসিপিসি ওয়ার্ল্ড ফাইনাল-২০১৭ আমেরিকার সাউথ ডাকোটাতে অনুষ্ঠিত হবে বলে অনুষ্ঠানে জানানো হয়।

http://www.arthosuchak.com/archives/304149/%E0%A6%87%E0%A6%89%E0%A6%8F%E0%A6%AA%E0%A6%BF%E0%A6%A4%E0%A7%87-%E0%A6%8F%E0%A6%B8%E0%A6%BF%E0%A6%8F%E0%A6%AE-%E0%A6%86%E0%A6%87%E0%A6%B8%E0%A6%BF%E0%A6%AA%E0%A6%BF%E0%A6%B8%E0%A6%BF-%E0%A6%AA/


লেখাপড়া
Lekhapora24.com

# আন্তর্জাতিক কলেজিয়েট প্রোগামিং প্রতিযোগিতা

নিজস্ব প্রতিবেদক | নভেম্বর ২০, ২০১৬

---







[http://lekhapora24.com/%E0%A6%8F%E0%A6%B6%E0%A6%BF%E0%A7%9F%E0%A6%BE-%E0%A6%AA%E0%A7%8D%E0%A6%AF%E0%A6%BE%E0%A6%B8%E0%A6%BF%E0%A6%AB%E0%A6%BF%E0%A6%95%E0%A7%87-%E0%A6%86%E0%A6%A8%E0%A7%8D%E0%A6%A4%E0%A6%B0%E0%A7%8D%E0%A6%9C/65110](http://lekhapora24.com/%E0%A6%8F%E0%A6%B6%E0%A6%BF%E0%A7%9F%E0%A6%BE-%E0%A6%AA%E0%A7%8D%E0%A6%AF%E0%A6%BE%E0%A6%B8%E0%A6%BF%E0%A6%AB%E0%A6%BF%E0%A6%95%E0%A7%87-%E0%A6%86%E0%A6%A8%E0%A7%8D%E0%A6%A4%E0%A6%B0%E0%A7%8D%E0%A6%9C/65110)

**<u>*** Also covered by 14 TV Channels</u>**